# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০,বাংলাদেশ।
ই-মেইল: info@bscic.gov.bd. ওয়েবসাইট: www.bscic.gov.bd

স্মারক নং-৩৬.০২.০০০০.০৩২.৯৯.৩৪০.২১/ ১০৪৫ (৭৭)

তারিখ : ২৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২১ খ্রিঃ

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার সিএমএসএমই প্রণোদনা প্যাকেজের আওতায় দ্বিতীয় পর্যায়ের ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বিসিক সিএমএসএমই ঋণ বিতরণ ও মনিটরিং কমিটির মাধ্যমে ঋণ প্রদানের নিমিত্ত সুপারিশকৃত ক্ষতিগ্রস্ত উদ্যোক্তার তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে

সূত্র : ঋণ প্রশাসন বিভাগ পত্র স্মারক নং- ৩৬.০২.০০০০.০৩২.৯৯.৩৪০.২০/৯৩১(৭৮) , তারিখ : ০১-০২-২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতের ঋণ বিতরণ কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে ০১ জুন, ২০২০ শিল্প মন্ত্রণালয়ের নির্দেশক্রমে প্রতিটি জেলায় এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি গঠণ করা হয়েছে। এতে জেলা প্রশাসককে আহ্বায়ক এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর জেলা কার্যালয়ের প্রধানকে সদস্য-সচিব এর দায়িত্ব প্রদান করা হয়।

০২। বিসিক জেলা কার্যালয় প্রধান সিএমএসএমই ঋণ বিতরণ ও মনিটরিং কমিটির সদস্য-সচিব হিসেবে কমিটির মাধ্যমে জেলার ক্ষতিগ্রস্ত শিল্প উদ্যোক্তাদের ঋণ প্রদানের নিমিত্ত বিভিন্ন ব্যাংকে সুপারিশ করে আসছে এবং এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি মাসিক প্রতিবেদন আকারে নির্ধারিত 'ছক' মোতাবেক ঋণ প্রশাসন বিভাগ, বিসিক ঢাকায় প্রেরণ করে আসছে। উল্লেখ্য, ইতোপূর্বে সিএমএসএমই খাতে প্রথম পর্যায়ে প্রণোদনা প্যাকেজের আওতায় তথ্যাদি প্রেরণের জন্য প্রেরিত সকল 'ছক' বাতিল করা হলো।

০৩। সিএমএসএমই খাতে আর্থিক প্রণোদনা প্যাকেজের দ্বিতীয় পর্যায়ের ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ই-নথি পত্র নং ৩৬.০২.০০০০.০৩২.৯৯.০০৩.২০.৫, তারিখ: ১৭-০৮-২০২১ এর মাধ্যমে ঋণ প্রশাসন বিভাগ, বিসিক, ঢাকা কর্তৃক বিসিকের ৬৪টি জেলা কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকা সিএমএসএমই প্রণোদনা প্যাকেজের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত মাস্টার সার্কুলার অনুযায়ী প্রণোদনা প্যাকেজের মেয়াদ ০৩ (তিন) বছর। ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংক সিএমএসএমই খাতে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় দ্বিতীয় পর্যায়ে (২০২১-২০২২) ঋণ কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল ব্যাংক-কে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিয়েছে।

০৪। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার সিএমএসএমই খাতে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় দ্বিতীয় পর্যায়ের ঋণ কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়নের নিমিত্ত সকল জেলা কার্যালয়কে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

ক) বিসিক জেলা কার্যালয়সমূহ কর্তৃক ক্ষতিগ্রস্থ ও ঋণ গ্রহণের আগ্রহী উদ্যোক্তাদের তালিকা তৈরিপূর্বক যথারীতি পূর্বের ন্যায় এসএমই ঋণ বিতরণ ও মনিটরিং কমিটির মাধ্যমে ব্যাংকগুলোকে ঋণ প্রদানের সুপারিশকরণ;

খ) বিসিক জেলা কার্যালয়সমূহ কর্তৃক দ্বিতীয় পর্যায়ের আওতায় সুপারিশকৃত উদ্যোক্তাদের তথ্যাদি সংযুক্ত প্রতিবেদন-০১ এর 'ছক' মোতাবেক সংরক্ষণ এবং প্রতি মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ঋণ প্রশাসন শাখা বিসিক ঢাকা বরাবর হার্ডকপি এবং সফটকপি (এমএস ওয়ার্ড ফাইল নিকস ফন্টে) প্রেরণ;

গ) বিসিক আঞ্চলিক কার্যালয়সমূহ পত্রের সংযুক্ত প্রতিবেদন ০২ এর 'ছক' মোতাবেক প্রতি মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ঋণ প্রশাসন শাখা বিসিক ঢাকা বরাবর হার্ডকপি এবং সফটকপি (এমএস ওয়ার্ড ফাইল নিকস ফন্টে) প্রেরণ।

উল্লেখ্য যে, শিল্প মন্ত্রণালয় ও বিসিক প্রধান কার্যালয়ের প্রতিনিধিগণ বিসিক জেলা কার্যালয় পরিদর্শণকালে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার সিএমএসএমই প্রণোদনা প্যাকেজের প্রথম পর্যায় ও দ্বিতীয় পর্যায়ের আওতায় ঋণ প্রদানের নিমিত্ত বিসিক/কমিটি কর্তৃক সুপারিশকৃত উদ্যোক্তার তথ্যের সংরক্ষিত ফাইল প্রদর্শন করতে পারে। এ বিষয়ে কোন জেলা কার্যালয় উক্ত তথ্য প্রদর্শন করতে ব্যর্থ হলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৯/০৮/২১

(জি, এম, রব্বানী তালুকদার)
ব্যবস্থাপক (অতি: দা:)
বিসিক, ঢাকা
ফোন : ০২-৯৫৫৩৪৮৮

বিতরণ: কার্যার্থে
বিসিক আঞ্চলিক কার্যালয়
(সকল)........

অনুলিপি: জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। সকল পরিচালক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
০২। বিসিক জেলা কার্যালয় প্রধান (সকল)

আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা
পত্র প্রাপ্তি নং ২৯৯২ তাং
ব্যবস্থাপক
উপ-ব্যবস্থাপক (শি:নি:)/নির্বাহী প্রকৌ:/এসিএ
বিশেষজ্ঞ-১/২/৩